


২২

ফোরাম



কলা ভবনের ছাদ থেকে কালো পতাকা নামিয়ে ফেলছেন শিক্ষকরা (বামে), কারামুক্ত শিক্ষক ছাত্রদের সংবর্ধনা দেয় আন্দোলনকারী ছাত্রছাত্রীরা (ডানে)  
-মীর ফরিদ

## সব কর্মসূচী প্রত্যাহার নেমে গেল কালো পতাকা, ক্যাম্পাসে স্বস্তি

বিশ্ববিদ্যালয় রিপোর্টার । কারাবন্দী ছাত্র-শিক্ষকদের নিজেদের মাঝে ফিরে পেয়ে সকল আন্দোলন কর্মসূচী প্রত্যাহার করে নিয়েছেন শিক্ষকরা। স্বাভাবিক হয়ে এসেছে বিশ্ববিদ্যালয়। শিক্ষকদের নীলদলের আহ্বায়ক ড. মুহাম্মদ সামাদ বৃহস্পতিবার কারামুক্ত ছাত্র-শিক্ষকদের সংবর্ধনা ও সংহতি সমাবেশে কর্মসূচী প্রত্যাহারের ঘোষণা দেন। তিনি বলেন, অবিলম্বে ৭ জনের মামলাসহ বাকিসব মামলা প্রত্যাহার এবং বিজ্ঞানসহ অন্য ছাত্রদের মুক্তি দেয়া না হলে তাঁরা আবারও কর্মসূচী ঘোষণা করবেন। বৃহবার শিক্ষকরা একে স্মরণে কালো ব্যাজ ধারণ করে ক্লাসে আসার ঘোষণা দিয়েছিলেন।  
(২- পৃষ্ঠা ২-এর কাঃ দেখুন)

### নেমে গেল কালো (প্রথম পাতার পর)

বৃহস্পতিবার তা প্রত্যাহার করে নেয়া হয়েছে। সে সঙ্গে কলা ভবনের ছাদ থেকে কালো পতাকাও নামিয়ে ফেলা হয়েছে। দুপুর ১২টা ৩৫ মিনিটে পতাকা নামানো হয়। শিক্ষক সমিতির জরুরী উল্লেখী সভা থেকে ছাত্র-শিক্ষকদের মুক্তি না দেয়া পর্যন্ত এ পতাকা উত্তোলনের ঘোষণা দেয়া হয়েছিল। অন্যদিকে শিক্ষার্থীরাও নতুন কোন কর্মসূচী ঘোষণা করেনি। বৃহস্পতিবার থেকে আবারও স্বাভাবিক হয়ে এসেছে বিশ্ববিদ্যালয়ের পরিবেশ। নিয়মিত ক্লাস পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। শিক্ষক সহপাঠীদের নিজেদের মাঝে ফিরে পেয়ে শিক্ষার্থীদের মাঝে ছিল স্বস্তি।